



৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ

অফিসঃ বাবুরচর, উপজেলা: সদরপুর,

জেলা: ফরিদপুর, মোবাইল- ০১৭১৬-৩৭৯২৪৬

স্মারক নং- ঢেউখালী ইউনিয়ন পরিষদ/ফরিদ-২০২২/৩৪ ৩৪/২০২২

তারিখ ১১/১২/২০২২ইং

অসম্পূর্ণ প্রতিবন্ধী ভাতা বিতরণ সংক্রান্ত ঢেউখালী ইউনিয়নের প্রাথমিক বাছাই কমিটির অনুষ্ঠিত সভার কার্য বিবরণী।

সভাপতি	ঃ মোঃ মিজানুর রহমান চেয়ারম্যান, ৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ সদরপুর, ফরিদপুর।
সভার তারিখ	ঃ ০৭/১২/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা
স্থান	ঃ ৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ সভা কক্ষ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভায় আলোচনা ও সিদ্ধান্তসমূহ

অদ্য সভায় উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই কমিটির সদস্য সাচিব ও উপজেলা সমাজ সেবা কার্যালয়ের ফিল্ড সুপারভাইজার অত্র ইউনিয়নের দায়িত্ব প্রাপ্ত ইতিকা রানী পোন্দার জানান যে, অত্র উপজেলায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে সরকারের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জিটুপি পদ্ধতিতে মাসিক ৮৫০/- টাকা হারে ভাতা প্রদানের লক্ষ্যে বিগত ১০/০৮/২০২২খ্রিঃ তারিখ হতে ১০/০৯/২০২২খ্রিঃ পর্যন্ত অনলাইনে সমাজসেবা অধিদপ্তরের সার্ভারে আবেদন গ্রহণ করা হয়। উপজেলা সমাজসেবা কার্যালয়ের স্মারক নং: ৪১.০১.২৯৮৪.০০০.১৬.০১২.২২-৩৭৭ তারিখঃ ০৪/১১/২০২২খ্রিঃ মোতাবেক অত্র ইউনিয়নে ৬৯ টি আবেদনের বিপরীতে ৪৯ জন উপকারভোগীর অনুকূলে বরাদ্দ পাওয়া যায়, যা নীতিমালা অনুযায়ী সরেজমিন যাচাই-বাছাই পূর্বক অগ্রাধিকার তালিকা করা প্রয়োজন।

২। সামাজিক নিরাপত্তা বেটনীর প্রতিবন্ধী ভাতা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা ২০১৩ এর ১৮ অনুচ্ছেদে বর্ণিত ইউনিয়ন কমিটির সম্মানিত সদস্যগণের উপস্থিতিতে অদ্যকার সভায় উপজেলা নির্বাহী অফিসার জনাব আহসান মাহমুদ রাসেল ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা জনাব কাজী শামীম আহমেদ উপস্থিত থেকে আবেদনকারী উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া পর্যবেক্ষণ করেন। প্রতিবন্ধী ভাতা গ্রহণে ইচ্ছুক অত্র ইউনিয়নের দাখিলকৃত আবেদনসমূহ নীতিমালার অনুচ্ছেদ ১০, ১১, ১২, ১৩ এবং ১৪ অনুসারে এবং প্রতিবন্ধীতার ধরণ ও মাত্রা বিবেচনায় সরেজমিন যাচাই সাপেক্ষে অগ্রাধিকার তালিকা প্রস্তুতের ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

মোঃ মিজানুর রহমান
চেয়ারম্যান
৯নং ঢেউখালী ইউনিয়ন পরিষদ
সদরপুর, ফরিদপুর।